দৈনিক ইত্তেফাক

তারিখ 28 AUG 1987
পৃষ্ঠা 12 কলাম 5

C41

# ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার প্রশ্নে আলোচনা

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

গতকাল (বৃহস্পতিবার) ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের এক সভায় বিশ্ববিদ্যালয় খোলার ব্যাপারে আলোচনা করা হয়। ভিসি প্রফেসর আব্দুল মান্নানের সভাপতিত্বে এই সভায় বিশ্ববিদ্যালয় খোলার পর পরই 'শিক্ষা পরিবেশ পরিষদ' কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করা হইয়াছে। এই সিদ্ধান্ত মতে মেধার ভিত্তিতে সীট বণ্টন, মাষ্টার্স পরীক্ষা শেষে সীট বাতিল, সপ্তাহে, পাঁচ দিন প্রতিটি হলে 'রোল কল' এবং হলের ছাত্র-ছাত্রীদের নিরাপত্তার খাতিরে প্রয়োজন বোধে আইন রক্ষাকারী সংস্থার সাহায্য গ্রহণ ইত্যাদি বিষয়ে কঠোর হওয়ার জন্য হল কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হইয়াছে। একটি সূত্র জানায় আগামী মাসের মাঝামাঝি বিশ্ববিদ্যালয় খুলিয়া দেওয়ার জন্য কর্তৃপক্ষ জোর চেষ্টা চালাইতেছে।